দৈনিক বাংলা

তারিখ ...
পৃষ্ঠা ...

## ৮৮-৮৯ শিক্ষাবর্ষে মেডিক্যাল কলেজে ভর্তিনীতি

আগামী শিক্ষাবর্ষের (১৯৮৮-৮৯) দেশের বিভিন্ন মেডিক্যাল কলেজে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তিচ্ছু প্রার্থীদের জন্য একটি নীতি নির্ধারণ করা হয়েছে।

নির্ধারিত নীতিমালানুযায়ী যারা এসসি এবং এইচএসসি পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন ও উভয় পরীক্ষায় সর্ব মোট ১২০০ (বারশ) (গ্রেস মার্ক, এক্সট্রা মার্ক ব্যতীত এবং অনিয়মিতার কারণে প্রতি বছরের জন্য ২৫ নম্বর করে বাদ দিয়ে) নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছেন, কেবলমাত্র তারাই আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় মনোনয়ন প্রাপ্ত নম্বরের উপর সম্পূর্ণভাবে মেধা ভিত্তিক হবে। প্রশ্নপত্র বাংলা ও ইংরেজী ভাষায় এমসিকিউ (মালটিপল চয়েজ কোয়েশ্চেন) অবজেকটিব আকারে হবে।

উল্লেখ্য, সর্বমোট ১২০০ (বারশ) সীটের মধ্যে প্রথম ৮০০ (আটশ) সীট সাধারণ মেধাভিত্তিক (বাংলাদেশব্যাপী) ও বাকী ৪০০ (চারশ) সীট সাবেক জেলা মেধাভিত্তিক পূরণ করা হবে।

বিস্তারিত তথ্যের জন্য প্রার্থীদেরকে বিভিন্ন মেডিক্যাল কলেজের অধ্যক্ষ এবং ঢাকার মহাখালীস্থ স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালকের সাথে যোগাযোগ করতে বলা হয়েছে। খবর তথ্য বিবরণীর।